**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) আগামীকাল থেকে শুরু হচ্ছে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন।**
**(২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আগামীকাল চিলড্রেন্স পার্কে দুদিনব্যাপী রাজ্যভিত্তিক মৎস্য উৎসবের উদ্বোধন করবেন।**
**(৩) ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনকে অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করতে তদারকি শুরু করেছে নির্বাচন কমিশন।**
**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল গুয়াহাটি থেকে প্রধানমন্ত্রী–কিষাণ সম্মান নিধির ২২তম কিস্তির অর্থ প্রদান করবেন।**
**(৫) ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ দুটি খেলা হয়।**

******************************************

**Assembly Session :**

আগামীকাল থেকে শুরু হচ্ছে রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন। চলবে ২৫শে মার্চ পর্যন্ত। প্রথম দিন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর ভাষণের মাধ্যমে অধিবেশন শুরু হবে। তারপর প্রয়াত অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে আলোচনার পর সেদিনের জন্য অধিবেশন মূলতুবি করা হবে। আগামী ১৬ই মার্চ অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় ২০২৬–২৭ সালের বাজেট পেশ করবেন। এবারের অধিবেশন মোট তিনটি বিল যথাক্রমে ত্রিপুরা ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্স বিল, টেকনিকাল ইউনিভার্সিটি বিল এবং উইমেন্স উইনিভার্সিটি বিল উত্থাপন করা হবে।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

**Fish Festival :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আগামীকাল চিলড্রেন্স পার্কে দুদিন ব্যাপী রাজ্যভিত্তিক মৎস্য উৎসবের উদ্বোধন করবেন। উৎসব চলবে ১৪ই মার্চ পর্যন্ত। আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান প্রাণীসম্পদ বিকাশ ও মৎস্য দপ্তরের সচিব দীপা ডি নায়ার। শ্রীমতি নায়ার জানান এইবছর উৎসবে ৬ থেকে ৭ মেট্রিকটন মাছ আনা হবে। তাছাড়া উৎসবে মৎস্য বিষয়ক বিভিন্ন সামগ্রীর স্টল, প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের স্টল সহ অন্যান্য দপ্তরের স্টল থাকবে। তিনি বলেন এই মৎস্য উৎসবের মূল উদ্দেশ্য হলো মাছ চাষীদের উৎসাহিত করার পাশাপাশি উন্নতর প্রযুক্তি সম্পর্কে তাদের অবহিত করা। তিনি বলেন মাছ উৎপাদন ও যোগানের ক্ষেত্রে রাজ্য ধীরে ধীরে সাফল্য অর্জন করছে।

**************************

**ECI-DHARMANAGR :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনকে অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করতে তদারকি শুরু করেছে নির্বাচন কমিশন। এই উদ্দেশ্যে নির্বাচন কমিশনের তিন সদস্যের এক প্রতিনিধি দল আজ ধর্মনগরে পৌঁছেন। ধর্মনগরে অনুষ্ঠিত বৈঠকে নির্বাচন কমিশনের প্রধান সচিব এন. টি. ভুটিয়া এবং সচিব সন্তোষ কুমার দুবে, সেকশন অফিসার বিজয় গুপ্তা উপস্থিত ছিলেন। বৈঠকে উত্তর ত্রিপুরার জেলাশাসক, পুলিশ সুপার ধর্মনগরের মহকুমা শাসক সহ উচ্চপদস্থ আধিকারিকরা অংশ নেন। বৈঠকে ভোটগ্রহণের নিরাপত্তা ব্যবস্থা, বুথভিত্তিক প্রস্তুতি এবং নির্বাচন আচরণবিধি কঠোরভাবে মেনে চলার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। পাশাপাশি নির্বাচনী আধিকারিকদের কাছ থেকে উপনির্বাচনের ভোট গ্রহণের প্রস্তুতি সম্পর্কে বিস্তারিত রিপোর্ট গ্রহণ করেন কমিশনের প্রতিনিধিরা। বৈঠক শেষে প্রতিনিধি দলটি কয়েকটি ভোট গণনা, ভোটগ্রহণ কেন্দ্র পরিদর্শন করেন। উপনির্বাচনের প্রস্তুতি দেখে সন্তোষ প্রকাশ করেছেন নির্বাচন কমিশনের প্রিন্সিপাল সেক্রেটারি এন টি ভুটিয়া।

********************************

**World Kidney Day :**

আজ বিশ্ব কিডনি দিবস উপলক্ষে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা কিডনির স্বাস্থ্যের গুরুত্ব এবং কিডনি-সংক্রান্ত রোগসমূহ দ্রুত শনাক্ত ও প্রতিরোধ করার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। সামাজিক মাধ্যমে শ্রী নাড্ডা উল্লেখ করেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার স্বাস্থ্যসেবার সুযোগ উন্নত করার লক্ষ্যে একটি তাৎপর্যপূর্ণ পদক্ষেপ হিসেবে 'প্রধানমন্ত্রী জাতীয় ডায়ালাইসিস কর্মসূচি' (PMNDP) চালু করেছে, যার মাধ্যমে বর্তমানে সারা দেশজুড়ে হাজার হাজার ডায়ালাইসিস কেন্দ্র লক্ষ লক্ষ মানুষকে জীবনরক্ষাকারী চিকিৎসা সেবা প্রদান করছে।

***************************

**BJP Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার পৌরহিত্যে আজ আগরতলায় বিজেপির কোর কমিটির বৈঠক আয়োজিত হয়েছে। এতে যোগ দিয়েছেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, সাংগঠনিক প্রভারী ডাঃ রাজদ্বীপ রায়। আসন্ন এডিসি ও ধর্মনগরের উপর নির্বাচন নিয়ে বৈঠকে আলোচনা হয়।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM-Kisan Samman Nidhi :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল গুয়াহাটি থেকে প্রধানমন্ত্রী-কিষাণ সম্মান নিধির ২২তম কিস্তির ১৮ হাজার ৬৪০ কোটিরও বেশি টাকা, ৯ কোটি ৩২ লক্ষেরও বেশি কৃষকের ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি স্থানান্তর করবেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল থেকে দুই দিনের আসাম সফরে যাবেন, এই সফরে তিনি রাজ্যজুড়ে একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। প্রধানমন্ত্রী বিকেলে কোকরাঝাড় পৌঁছাবেন। সেখানে প্রধানমন্ত্রী একটি রেল কোচ মেরামত কারখানা এবং ছয়টি সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন এবং বোডো অঞ্চলে তিনটি নতুন রেল পরিষেবা চালু করবেন।

সন্ধ্যায়, প্রধানমন্ত্রী গুয়াহাটিতে যাবেন। গুয়াহাটিতে, প্রধানমন্ত্রী প্রতীকীভাবে রাজ্যের যোগ্য চা বাগান শ্রমিকদের জমির পাট্টা হস্তান্তর করবেন। প্রধানমন্ত্রী ১৫০ মেগাওয়াট কোপিলি জলবিদ্যুৎ প্রকল্প উৎসর্গ করবেন।

এছাড়াও, গুয়াহাটিতে প্রায় ১০,০০০ কোটি টাকার উন্নয়ন প্রকল্পের উদ্বোধন এবং উৎসর্গ করা হবে। ১৪ মার্চ, শনিবার, প্রধানমন্ত্রী শিলচর যাবেন, যেখানে তিনি ২৪,২০৫ কোটি টাকা ব্যয়ে একটি গুরুত্বপূর্ণ রেলওয়ে উদ্যোগের উদ্বোধন করবেন। প্রধানমন্ত্রী ২২,০০০ কোটি টাকার শিলচর-গুয়াহাটি এক্সপ্রেসওয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন - যা সমগ্র উত্তর-পূর্বে প্রথম। ১৬৬ কিলোমিটার দীর্ঘ এই করিডোর শিলচর এবং গুয়াহাটির মধ্যে ভ্রমণের সময় বর্তমান ৮ ঘন্টা থেকে মাত্র সাড়ে চার ঘন্টায় কমিয়ে আনবে।

প্রধানমন্ত্রী শিলচর শহরের মধ্যে ৫৬৩ কোটি টাকার একটি ফ্লাইওভার এবং পাথরকান্দিতে ১২২ কোটি টাকার একটি কৃষি কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন

করবেন। এছাড়াও, প্রধানমন্ত্রী বদরপুর হয়ে শিলচর এবং চুরাইবাড়ির মধ্যে ৬৫৫ কোটি টাকার একটি বৈদ্যুতিক রেল সংযোগ প্রকল্পের উদ্বোধন করবেন।

***************************

**National Seminer on Women Empower :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ মহিলা ক্ষমতায়ন নিয়ে আজ আগরতলার এম বি বি মহাবিদ্যালয়ের রবীন্দ্র হলে দুই দিনের জাতীয় পর্যায়ের আলোচনাচক্রের সূচনা করেন। কেন্দ্রীয় সরকারের উচ্চ শিক্ষা প্রকল্প ও PM-USHA-র আর্থিক সহায়তায় আয়োজিত এই আলোচনার বিষয় ছিল Pressing Women Issues, Mental Well-Being and Empowering. The way Forword. উদ্বোধকের ভাষনে রাজ্যপাল, মহিলা ক্ষমতায়নের উপর গুরুত্ব দেন। তিনি বলেন, ভারতের সংবিধানে স্ত্রী-পুরুষ নির্বিশেষে সকলের সমানাধিকার সুরক্ষিত। তিনি বলেন, বিকশিত-ভারত গঠনে সকলের অংশ গ্রহন জরুরী এবং নতুন জাতীয় শিক্ষা নীতিতেও সবার শিক্ষার উপর গুরুত্ব দেওয়া হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এম বি বি বিশ্ববদ্যালয়ের উপাচার্য অধ্যাপক বিভাস দেব, উচ্চশিক্ষা অধিকর্তা অনিমেষ দেববর্মা, এম বি বি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ অর্জুন গোপ।

***************************

**Santana Chakma :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেন, রাজ্যের মহিলারা নিজেরাও আত্মনির্ভর হচ্ছেন পাশাপাশি আত্মনির্ভর ত্রিপুরা গড়ার লক্ষ্যেকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। আজ আগরতলার প্রজ্ঞা ভবনে শিল্প ও বাণিজ্য দপ্তরের উদ্যোগে আয়োজিত ত্রিপুরা মহিলা উদ্যোক্তা নীতি এবং পিএমএফএমই প্রকল্পের উপর রাজ্য স্তরের কর্মসূচির উদ্বোধন তিনিএকথা বলেন। তিনি বলেন সরকারের লক্ষ্যই হচ্ছে মহিলাদের স্বশক্তিকরন জন্য প্রয়োজনীয় সুযোগ সুবিধা পৌঁছে দেওয়া, যাতে বিভিন্ন শিল্প ও ব্যবসা-বাণিজ্যের মাধ্যমে তারা সাবলম্বী হতে পারেন। মহিলারা আত্মনির্ভর হলে পরিবার ও সমাজ

এগিয়ে যাবে। উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণগিত্যে, ত্রিপুরা চা উন্নয়ন নিগমের চেয়ারম্যান সমীর ঘোষ।

*****************************

**Mahila Jansunwai–Unakoti :**

ত্রিপুরা রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে আজ কৈলাশহর সার্কিট হাউজের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়, মহিলা জন শুনওয়াই বা মহিলা জন শুনানি। উপস্থিত ছিলেন রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা, সদস্যা রত্না দেবনাথ কর প্রমুখ। আজকের কর্মসূচিতে পুরানো চারটি এবং নোতুন পাঁচটি অভিযোগের বিষয়ে কাউন্সিলিং করা হয়। এক সাক্ষাৎকারে রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন জানান, রাজ্যের প্রতিটি জেলায় এধরণের কর্মসূচি চলছে। অভিযোগের সম্মানজনক নিষ্পত্তি করার প্রক্রিয়া চলছে। যাতে সুষ্ঠু সমাজ গড়ে ওঠে।

*************************

**First Division Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার আজ দুটি খেলা হয়। নরসিংগড়ের পি টি এ মাঠে অনুষ্ঠিত খেলায় কসমোপলিটন ক্লাব ৮১ রানে বনমালিপুর ক্রিকেট ক্লাবকে এবং এম বি বি স্টেডিয়ামে মৌচাক ক্লাব ৭২ রানে ইউনাইটেড ফ্রেন্ডসকে পরাজিত করে।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৪ ডিগ্রি

সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*************************